

কমিউনিকেশন
১৫/০৮/২০২৬



জেলা পরিষদ কার্যালয়
নওগাঁ।

www.zp.naogaon.gov.bd

স্মারক নং-৬৪.০০.৬৪০০.০০১.১১.০৪.২০১৬-০২২

তারিখঃ ১৫/০৮/২০২৬

বৃত্তি বিজ্ঞপ্তি

নওগাঁ জেলা পরিষদের ২০২৫-২৬ অর্থ বছরে অনুমোদিত বাজেট বরাদ্দের আওতায় এককালীন বৃত্তি প্রদানের লক্ষ্যে শুধুমাত্র ২০২৫ সনে এইচএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ এবং সরকার অনুমোদিত যে কোন উচ্চতর শিক্ষা প্রতিষ্ঠানে নিয়মিত শিক্ষার্থী হিসেবে অধ্যয়নরত ছাত্র-ছাত্রীকে নিম্নবর্ণিত শর্তাধীনে নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা হচ্ছে:

- ০১। আবেদনকারীকে ২০২৫ সনে অনুষ্ঠিত এইচএসসি বা সমমানের পরীক্ষায় বিজ্ঞান বিভাগে জিপিএ ৫.০০ এবং মানবিক ও বানিজ্য বিভাগে জিপিএ ৪.৫০ পেয়ে উত্তীর্ণ হতে হবে।
- ০২। বৃত্তির আবেদন ফরম নওগাঁ জেলা পরিষদের ওয়েবসাইট (www.zp.naogaon.gov.bd) লগ ইন করে সংগ্রহ করা যাবে।
- ০৩। আবেদনপত্রের সাথে এইচএসসি বা সমমান পরীক্ষার মার্কশিট/Academic Transcript এর সত্যায়িত কপি এবং সদ্য তোলা ১ (এক) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি ও অধ্যয়নরত শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান অথবা ১ম শ্রেণির সরকারি কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে সংযুক্ত করতে হবে।
- ০৪। মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/পৌত্র-পৌত্রী/দৌহিত্র-দৌহিত্রী এবং প্রতিবন্ধী আবেদনকারীর ক্ষেত্রে ন্যূনতম জিপিএ ৪.০০ থাকতে হবে। এক্ষেত্রে প্রযোজ্য মুক্তিযোদ্ধা/প্রতিবন্ধী সনদ পত্রের সত্যায়িত কপি দাখিল করতে হবে।
- ০৫। শিক্ষার্থীকে নওগাঁ জেলার স্থায়ী নাগরিক হতে হবে। নাগরিকত্ব প্রমাণের ক্ষেত্রে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত জননিবন্ধন সনদপত্রের সত্যায়িত কপি আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।
- ০৬। শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান/বিভাগীয় প্রধানের সুপারিশ/মতামতসহ নিজ হাতে পূরণকৃত ফরম ২৫-০৫-২০২৬ তারিখের মধ্যে (অফিস চলাকালীন) সরাসরি অথবা ডাকযোগে নওগাঁ জেলা পরিষদ কার্যালয়ে পৌঁছাতে হবে। নির্ধারিত তারিখের পর প্রাপ্ত আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।
- ০৭। নওগাঁ পৌরসভা ও উপজেলা কোর্ট অনুযায়ী বৃত্তি প্রদান করা হবে।
- ০৮। আবেদনকারী কোন ভুল তথ্য উপস্থাপন করলে বা অসম্পূর্ণ আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- ০৯। বৃত্তি সংক্রান্ত বিস্তারিত তথ্য নওগাঁ জেলা পরিষদ কার্যালয় এবং নওগাঁ জেলার সকল উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় হতে অফিস চলাকালীন সময়ে জানা যাবে।
- ১০। নির্ধারিত সময়ের মধ্যে প্রাপ্ত আবেদনসমূহ যাচাই বাছাইয়ের পর যোগ্য প্রার্থীদের চূড়ান্ত তালিকা জেলা পরিষদের নোটিশ বোর্ড ও (www.zp.naogaon.gov.bd) ওয়েবসাইটে প্রকাশ করা হবে এবং বৃত্তি প্রদানের তারিখ ও স্থান পরে জানানো হবে।
- ১১। যে কোন শর্ত সংশোধন, পরিমার্জন, পরিবর্তন এবং নতুন শর্ত আরোপের অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

এস এম জাকির হোসেন
প্রধান নির্বাহী কর্মকর্তা(ভাঃ)
জেলা পরিষদ, নওগাঁ।